সত্য

প্রেম

পবিত্রতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।

তারিখঃ ০২ এপ্রিল, ২০২৩

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

সরকারি ব্রজমোহন কলেজের ভর্তি বিষয়ক লিংক: www.bmcollege.gov.bd সাইটে admission menu

জাতীয় বিশ্ববিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ০৫ এপ্রিল, ২০২৩ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ০৮ মে, ২০২৩ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং **Dutch Bangla Bank** মোবাইল ব্যাংকিং **(Rocket Apps)** এর মাধ্যমে ০৯ মে, ২০২৩ তারিখের মধ্যে অবশ্যই জমা দিয়ে আবেদনের (পিডিএফ) কপি কলেজে জমা দিতে হবে। অত্র কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে তা জানতে পারবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ০১ জুন, ২০২৩ তারিখ থেকে শুরু হবে।

ভর্তির বিষয়সমূহ:

বিএসসি (অনার্স) : পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, মৃত্তিকা বিজ্ঞান, পরিসংখ্যান

বিএসএস (অনার্স) : অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম

বিএ (অনার্স) : বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামিক স্টাডিজ, দর্শন, সংস্কৃত

বিবিএ (অনার্স) : হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স এন্ড ব্যাংকিং

১। আবেদনের সাধারণ যোগ্যতা:

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোনো শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০২১/২০২২ সালে HSC/সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) ও ২০১৯/২০২০ SSC/ সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৬.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশে স্বীকৃত যে কোনো শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০২১/২০২২ সালে HSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) এবং ২০১৯/২০২০ সালের SSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৭.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি (ভোকেশনাল), ii) এইচ.এস.সি (বিজনেস্ ম্যানেজমেন্ট), iii) ডিপ্লোমা-ইন- কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ-১ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে এবং উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেসনাল, স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থীরা ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক হলে তাদের অবশ্যই পূর্ববর্তী ২০২১-২০২২ ক্ষিাবর্ষের ভর্তি বাতিল করতে হবে।

চ) স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।।

সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

প্রাথমিক আবেদনের সময়সূচী:

ক্রমিক	করণীয়	তারিখ
ক)	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ	০৫/০৪/২০২৩ থেকে ০৮/০৫/২০২৩
খ)	প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা অত্র কলেজ কর্তৃক নির্ধারিত **Dutch Bangla** মোবাইল ব্যাংকিং **(Rocket Apps)** এর মাধ্যমে জমা দেয়ার তারিখ	০৬/০৪/২০২৩ থেকে ০৯/০৫/২০২৩

Dutch Bangla মোবাইল ব্যাংকিং **(Rocket Apps)** এর মাধ্যমে **Payment** পদ্ধতি:



আবেদনকারীকে অবশ্যই Biller ID হিসেবে 3288 এবং Bill Number হিসেবে Admission Roll (Space) Mobile Number ব্যবহার করতে হবে।

২। আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়:

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (**www.nu.ac.bd/admissions**) **Honours Tab**-এ গিয়ে **Apply Now (Honours)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীর শিক্ষা সহায়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে।

খ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/ প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে।

গ) ফরম পূরণের সময় আবদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120×150 pixels, Image Type: jpg** এবং **maximum file size:50kb,** প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ঘ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট/**pdf** কপি সংগ্রহ করতে হবে।

ঙ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন: প্রার্থীকে তার প্রাথমিক আবেদন ফরমের সকল তথ্য সঠিকভাবে যাচাই করতে হবে। আবেদন ফরমে তথ্য গত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে **Applicant Login** অপশনে **Honours Login** লিংকে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the Security key** অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও প্রকৃত ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী কেবল একবারই প্রাথমিক আবেদন ফরম বাতিল করার সুযোগ পাবে।

চ) ফরমের সাথে যা সংযুক্ত করতে হবে:

১. প্রিন্টেড প্রাথমিক আবেদন ফরমের স্বাক্ষরিত কপি
২. এসএসসি ও এইচএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্টের ফটোকপি
৩. এইচএসসি'র টেস্টিমোনিয়াল এর ফটোকপি

ছ) কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর পূরণকৃত আবেদন ফরমে ত্রুটি সংশোধন করা যাবে না। সংশ্লিষ্ট কলেজকে প্রাথমিক আবেদন ফরমের ছবি ও তথ্য মিলিয়ে আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে অন্যথায় পরবর্তীতে ত্রুটিপূর্ণ ছবিসহ ভর্তিকৃত প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

এই ভর্তি কার্যক্রমের যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

বিস্তারিত তথ্যের জন্য:
কলেজ ওয়েবসাইট-**www.bmcollege.gov.bd**
মোবাইল নম্বর- ০১৭১২-৫২১৭৬৩ (জনাব সন্জয় কুমার বিশ্বাস, সহযোগী অধ্যাপক, হিসাববিজ্ঞান)

০১৭৫৪-২৯৭৭৪১ (জনাব মোঃ কামরুজজামন, সহযোগী অধ্যাপক, সমাজকর্ম)

০১৭৩৪-৯০৩০৪১ (জনাব মোছাঃ হালিমা পারভীন, সহকারী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি)

০২.০৪.২০২৩

(প্রফেসর ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া)
আইডি- ০৭১৫৪
অধ্যক্ষ
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।